

## ৩ বোর্ডের এইচএসসি পরীক্ষা পেছাল

নিজস্ব প্রতিবেদক

১১ আগস্ট ২০২৩ ০৯:০৮ পিএম | আপডেট: ১২ আগস্ট ২০২৩ ১২:৩৯ এএম

46  
Shares



তিন শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমানের পরীক্ষা পেছানো হয়েছে। ফাইল ছবি

advertisement..

প্রাকৃতিক দুর্যোগের কারণে চট্টগ্রাম শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য এইচএসসি ও সমমান পরীক্ষা পেছানো হয়েছে। এ তিন বোর্ডের অধীনে আগামী ১৭ আগস্টের পরিবর্তে পরীক্ষা শুরু হবে ২৭ আগস্ট থেকে।

আজ শুক্রবার এ তথ্য জানিয়েছেন ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও আন্তঃশিক্ষা বোর্ডের সমন্বয়ক প্রফেসর তপন কুমার সরকার। তিনি জানান, অন্যান্য বোর্ডসমূহের পরীক্ষা যথারীতি আগামী ১৭ আগস্ট থেকে শুরু হবে। আগে প্রকাশিত সময়সূচী অনুযায়ীই বোর্ডগুলোতে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

## advertisement

এর আগে আজ চাঁদপুরে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, ‘আমাদের সিদ্ধান্ত আছে যদি কোনো জায়গায় প্রাকৃতিক দুর্যোগের কারণে পরীক্ষা বন্ধ করতে হয়, সে স্থানে স্থানীয়ভাবে পরীক্ষা বন্ধ থাকবে; বাকি সারা দেশে পরীক্ষা চলবে।’

ডেঙ্গুর কারণে পরীক্ষার সূচিতে পরিবর্তন আসবে না জানিয়ে তিনি বলেন, ‘ডেঙ্গু প্রতি বছরই হয়। এ বছর হয়তো প্রকোপটা বেশি। ডেঙ্গু পরিস্থিতির জন্য এইচএসসি পরীক্ষার মতো পাবলিক পরীক্ষা পিছিয়ে দেওয়ার সুযোগ নেই। এবার প্রায় ১৪ লাখ পরীক্ষার্থী। তারা পূর্বঘোষিত আগামী ১৭ আগস্ট পরীক্ষার জন্য প্রস্তুতি নিয়েছে।’